সরকার প্রধানরে এ সফরে মোংলা বন্দরে আমদানি রপ্তানি বাণজি্যে নতুনমাত্রা যোগ হবে বলে মনে করছনে বন্দর কর্তৃপক্ষ

লখেক: প্রকাশক | প্রকাশতি: 04 November 2026, 12:41 PM | বভিাগ: সারাদশে



আগামী বৃহস্পতবিার (৫ নভম্বের) মোংলা বন্দর সফরে যাচ্ছনে প্রধানমন্ত্রী তারকে রহমান। প্রধানমন্ত্রী হসিবেে দায়ত্বি গ্রহণরে পর মোংলায় এটি তার দ্বতিীয় সফর। এর আগে গত ২২ অক্টোবর মোংলা ও সুন্দরবন পরদির্শন করনে তনিি।

সরকার প্রধানরে এ সফরে মোংলা বন্দরে আমদানি রপ্তানি বাণজি্যে নতুনমাত্রা যোগ হবে বলে মনে করছনে বন্দর কর্তৃপক্ষ।

এ বষিয়ে মোংলা বন্দর কর্তৃপক্ষরে চয়োরম্যান রয়িার অ্যাডমরিাল আরফি আহম্মদে মোস্তফা বলনে, ৫ নভম্বের সকাল ১০টায় প্রধানমন্ত্রী মোংলা বন্দরে পৌঁছাবনে। এরপর বন্দররে সুবধিাদি সম্প্রসারণ

ও উন্নয়ন প্রকল্পের আওতায় নতুন দুটি কনটেইনার জেটি নির্মাণ এবং আনুষঙ্গিক সুবিধাদি উন্নয়ন কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।

তিনি জানান, প্রধানমন্ত্রীর ভিত্তিপ্রস্তর স্থাপনের মধ্য দিয়ে ওই প্রকল্পের নির্মাণ কার্যক্রম শুরু হবে। সম্প্রতি প্রধানমন্ত্রীর চীন সফরের সময় ওই চুক্তি স্বাক্ষরিত হয়। গত ১০ অক্টোবর বাংলাদেশ ও চীনের মধ্যে স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী জেটি নির্মাণ কার্যক্রম শুরু হচ্ছে। নতুন প্রকল্পটি ব্যয় নির্ধারণ করা হয়েছে চার হাজার ৬৮ কোটি টাকা। এর মধ্যে বাংলাদেশ সরকার অর্থায়ন করবে ৪৭৫ কোটি টাকা এবং চীনের অর্থায়ন থাকবে তিন হাজার ৫৯৩ কোটি টাকা।

বন্দর চেয়ারম্যান বলেন, ৩৬৮ মিটার দৈর্ঘ্যের ওই কনটেইনার টার্মিনালের সাথে ইয়ার্ড তৈরি হবে। ডেজিগ্নারাস কার্গো হ্যান্ডলিং ব্যবস্থাও থাকবে। নতুন কনটেইনার ইয়ার্ডে ৪৯টি ইকুপমেন্ট যুক্ত থাকবে। ঘণ্টায় ৩০টির বেশি কনটেইনার খালাস করা যাবে। এতে বছরে চার লাখ টিউজ কনটেইনার হ্যান্ডলিংয়ের সক্ষমতা অর্জন করবে মোংলা বন্দর।

একই দিন প্রধানমন্ত্রী তারেক রহমানের উপস্থিতিতে বন্দরের ৯ নম্বর জেটিতে ইনভেস্ট বাংলাদেশ কর্তৃপক্ষ এবং চায়না রেলওয়ে কনস্ট্রাকশন করপোরেশনের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর হওয়ার কথা রয়েছে।

এ বিষয়ে বাগেরহাট-৩ আসনের সংসদ সদস্য এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী শেখ ফরিদুল ইসলাম বলেন, প্রধানমন্ত্রীর আগমনে চীনের সাথে যে চুক্তি স্বাক্ষরিত হবে এতে মোংলা বন্দরের সাথে রেলওয়ের সংযোগ স্থাপিত হবে। এর মাধ্যমে আইসিটি থেকে পণ্য মোংলা বন্দরে আসবে। এরপর ওইসব পণ্য শিপমেন্ট হবে মোংলা বন্দরের জেটি দিয়ে।

বৃহস্পতিবার সকালে মোংলা বন্দরের নিবিষ্ট কার্যক্রম শেষে প্রধানমন্ত্রী সড়কপথে বাগেরহাটে যাবেন। সেখানে হযরত খানজাহান আলীর মাজার জিয়ারত শেষে খুলনায় যাবেন। সেখানে নতুন কুঁড়ি সিজিন-২ এর উদ্বোধনী অনুষ্ঠানে যোগদান শেষে ঢাকার ফিরবেন প্রধানমন্ত্রী।

© 2026 আপনার নিউজ পোর্টাল। সর্বস্বত্ব সংরক্ষিত।
এই প্রতিবেদনটি আমাদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা হয়েছে।